

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রিজিওনাল প্লানিং  
www.udd.gov.bd

৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৩৭২

বিষয়: ২৫০ শয্যা বিশিষ্ট ঢাকা বিভাগীয় পুলিশ হাসপাতাল এর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ১৫.০০ (পনের) একর জমি  
বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি/ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: তার দপ্তরের স্মারক নং-৪৭১/স, তারিখঃ ২১/১১/২০২২

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২৫০ শয্যা বিশিষ্ট ঢাকা বিভাগীয় পুলিশ হাসপাতাল এর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে ঢাকা জেলার দক্ষিণ কেরানীগঞ্জ থানার অন্তর্গত মৌজা:নোয়াদা; জেএল নং-৯০ এবং মৌজা: পশ্চিমাদি; জেএলনং-৮৯ এ মোট ১৫.০০ (পনের) একর জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্ত নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তিপত্র চেয়ে আবেদন করেছে। অধিগ্রহণের নিমিত্তে প্রস্তাবিত জমির তফসিল নিম্নরূপঃ

থানার নাম	মৌজার নাম	জে এল নাম্বার	আর এস দাগ নাম্বার	জমির পরিমাণ
কেরানীগঞ্জ	নোয়াদা	৯০	১৬, ১৭, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৬, ১৪২, ১৪৩, ১৪৪, ২১৬, ১৪৬, ১৪৭, ১৪৮	১৫ একর
	পশ্চিমাদি	৮৯	১৪৯১, ১৪৯২, ১৪৯৩, ১৪৯৮ ১৪৯৯, ১৫০০, ১৫০১, ১৫০২, ১৫০৩, ১৫০৪, ১৫০৫, ১৫০৬, ১৫০৭, ১৫০৮, ১৫০৯, ১৫১১, ১৫১২, ১৫১৩, ১৫১৪, ১৫২৪	

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের নিমিত্ত উক্ত স্থানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় একটি পাইপ তৈরীর কারখানা, একটি সেমিপাকা ঘর ও তিনটি বৈদ্যুতিক খুঁটি রয়েছে। এছাড়া বাকি এলাকা পতিত জমি। প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত তথ্য ও উপাত্ত যাচাই কর দেখা যায় যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র রয়েছে। উক্ত ছাড়পত্র থেকে দেখা যায়, প্রস্তাবিত এলাকাটি Detailed area Plan 2022-2035 এর ভূমি ব্যবহার অনুযায়ী Mixed Use zone(Predominantly Residential) ও বিশেষ ব্যবস্থাপনা এলাকা (Overlay Zone) ও সাধারণ প্লাবনভূমি এলাকা (General Flood Plane) হিসেবে চিহ্নিত রয়েছে।

এমতাবস্থায়, ২৫০ শয্যা বিশিষ্ট ঢাকা বিভাগীয় পুলিশ হাসপাতাল এর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অনাপত্তিপত্র প্রদান করা যেতে পারেঃ


১. প্রস্তাবিত এলাকাটি ঢাকা-মাওয়া হাইওয়ে সংলগ্ন হওয়ায় রাস্তার সমান্তরাল একটি লেনের সমপরিমাণ (নূন্যতম ১২ ফিট) জমি ভবিষ্যতে হাইওয়ে প্রসংস্করণের জন্য সংরক্ষণ করতে হবে এবং অতিরিক্ত এক লেন সমপরিমাণ জায়গা হাসপাতালে আগতদের নামানোর(Dropping) জন্য ব্যবহার করতে হবে। এছাড়াও সাইট সংলগ্ন দক্ষিণ ও পশ্চিম দিকে

রাস্তার সমান্তরাল একলেন (নূন্যতম ১০ ফিট) সমপরিমান জমি ভবিষ্যতের রাস্তা সম্প্রসারণের জন্য সংরক্ষন করতে হবে।

২. প্রস্তাবিত এলাকার ভূমি উন্নয়নের ক্ষেত্রে পানির স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্ত করা যাবে না।
৩. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রস্তাবিত ভূমি ব্যবহারের সাথে সাংঘর্ষিক কার্যক্রম গ্রহণ করা যাবে না।
৪. স্থাপনা নির্মানের ক্ষেত্রে হাসপাতাল কমপ্লেক্সের অন সাইট ডেনেজ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
৫. ক্লিনিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার জন্য **Medical waste Incineration** নির্মান করতে হবে, যাতে ক্লিনিক্যাল বর্জ্য দ্বারা পার্শ্ববর্তী এলাকার পরিবেশ দূষিত না হয়।
৬. হাসপাতালটি হাইওয়ের পার্শ্ববর্তী হওয়ার কারণে যানবাহন চলাচল জনিত শব্দ নিয়ন্ত্রণের জন্য নিজস্ব ব্যবস্থাপনায় হাসপাতাল কমপ্লেক্সে পর্যাপ্ত গ্রীন ব্যারিয়ার রাখতে হবে।
৭. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্রের শর্তাবলী মেনে চলতে হবে।

সংযুক্তিঃ

- ১। সার্ভে প্রতিবেদন।
- ২। গুগলের উপর এলাকা চিহ্নিত ম্যাপ।
- ৩। মৌজার উপর এলাকা চিহ্নিত ম্যাপ।
- ৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।



১৮-০৫-২০২৩  
কাজী মোঃ ফজলুল হক  
সিনিয়র প্ল্যানার  
২২৩৩৫২২৮১  
fhaq321@yahoo.com


ডি আই জি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৩৭২/১ (৪)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৪। প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর।



১৮-০৫-২০২৩  
ইসরাত জাহান  
প্ল্যানার

সকল সংযুক্তিসমূহ:

- (১) সার্ভে প্রতিবেদন
- (২) জুগল ম্যাপে এলাকা চিহ্নিত ম্যাপ

(৩) মৌজা ম্যাপের উপর এলাকা চিহ্নিত ম্যাপ

(৪) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র